হাতে গুয়া বন্দে বিসাই শিরে বন্দে পান॥
হইলা চারিখানি কাথ দেবের নির্ম্মাণ॥
উপরে করিল মৌর পাখের ছাউনি।
পিড়া কাত ঢালি দুআরে চারিখানি॥
মেঘমালা বল্যা প্রভু কৈলা সঙরণ।
চারিদিকে চারিমেঘের পড়িল টনক॥
আমর্থ সামর্থ আইলা দ্রোণ পুষ্কর।
চারি মেঘে আস্যা প্রভুর বন্দিলা চরণ॥
ধর ধর বাছারে বাটার পান খা।
কার্ত্তিক লম্বোদরের কাছে বৃষ্টি হওগা।
কার্ত্তিক লম্বোদর বল্যা নাবার হড়র।
ঝড় বৃষ্টি হও কিবা নির্ণয় পাথর॥

জে আজ্ঞা বলিয়া মেঘ করিলা গমন।
কার্ত্তিক লম্বোদরের কাছে দিলা দরসন॥
চারিদিকে চারিমেঘ দিল পাটোআর।
মর্দ্ধেখানে হেড়ামেঘ ঘোর অন্ধকার॥
নিউলি সিওলি বাও বহিতে লাগিল।
আচম্বিতে ঝড় জল কোথা হত্যা আইল॥
কতজল হয়রে নির্লয় নাহি জানি।
দুটা হাতী জুঝে জেন দন্তে হানাহানি॥
হেনকালে বিজ্জল্লতা একট পড়িল।
মাআমণ্ডপঘরখানি দেখিবারে পাইল॥
গান করি বিষ্ণুপাল বিষহরির বর।
ঐ দেখ আগুতে তোমার বাপের ঘর॥
তিতিয়া ভিজিয়া দুর্গা জাড়ে কেন মর।
তেতা বস্ত্র ছাড়িয়া সুখান বস্ত্র পর॥
অঙ্গট হানিছে তোর কলার বাহরি।
ভুজলতা বেড়িয়া থাকিব কোলাকুলি॥
হাথেত ধরিয়া গোসাঞি বসাইল কোলে।
কমলের ভিতরে ভ্রমর কেলি করে॥
চুর্ম্বদানে হোথায়ে সিন্দূর মুছ্যা জায়।
এল্যাল কানুড়ি খোঁপা ধুলাএ লুটায়॥
এল্যাল কানুড়ি খোপা কেশের হইল ভার।
ছুটিল মদনবাণ ঘুচিল জঞ্জাল॥
রতির আভায় দোহে ঘামে টলবল।
চাখোয়া চাখাই পক্ষ কেড্যা খায় সর॥
আধখানা চন্দ প্রভুর ভূমিতে পড়িল।
হাসেন হোসেন দুই ভাই তাহাতে জর্ম্মিল॥
লজ্জিতা হইলা মা অভয়া পার্ব্বতী।
হাতে কাঁখে লিলা কার্ত্তিক গণপতি॥

হাতে কাঁখে লিলা কার্ত্তিক লম্বোদর।
রোষ কর্য়া অভয়া চলিল বাপের ঘর॥
গান কবি বিষ্ণুপাল বিষহরির বর।
ভক্ত লায়েকে মা কমলা দিবে বর॥

21 B. (1 to 122)

বাচাল।
বাপা মহাদেব তুমি কৈলে হউম চণ্ডালী।
রামবাত্রি পোহাইলে যৌবনের দরশন হিন্দুতে না দিবে ফল পানি।
রসুন পেয়াজের বাস কতনা ধরিব শ্বাস পুর্ব্বে বস্তপ ভঙ্গ হয়।
শঙ্খদন্ত ভাঙ্গাইয়া নেজা ভাব্ব বোনাইয়া গডাইলে খোড়া ব খরসান।
হাঝনি জৌসীনি কর্ম্ম চণ্ডালিনী যার জল না ছুঁই হাথে।
মনসার বরে কবি বিষ্ণুপাল গায় একাকার করিলে করিলে জগন্নাথে॥
আমার বচনে লড়নে তর্নো পাএব ছাড়িলাম সে সুয়ার
মায়া হব দেশান্তর।
মা মা কনাঞী নেত কে আছেত সারথে
যুধিষ্ঠির কথা নেত শুনেছ ভারতে।
হাসেনজী দগজ হয় খন্তায় উপাড়িব পাস
অগ্নি হয়ত জল হঞা্য করিব বিনাস॥
গান কবি বিষ্ণুপাল বিষহরির বর হাসেনহাটী
নারিকেল ডাব্দানে দিলা দরসন।

বাচাল।
বলে মাগো বিষহরি আইলাম হাসনপুরী
কেন আইলাম নর দেখিবারে।
মুনিসা হয় কাল জবন না মানে দেবতা ব্রাহ্মণ
বিষয় পাইলেক কার ঠাঁই।
বাপা যদি মহাদেব মা যদি পার্ব্বতী
তবেত আমার হইল ভাই॥

দেব অংশে মুনিসার জনম হঞাছে
কেনে জবই করা খএ গাই।
নেত বলেন মায় অর্দ্দাস তোমার পায়
গাই কেট্যা দেয় দেবস্থানের পায়।
দেবতা হইঞা জদি এক সইদ বধ করি
সাত কপিলার বধ লাগে তায়॥
জুঝেবতি খণ্ড আর ইহা বিনে নাহি আর
বর পাঞাছে মহাদেবের ঠাঁই॥
ছত্তিস বন্যা বরজাতি উহাতে মিশায় মা এইজাতি
কভু না মিশায়॥
মর্ত্তে হইয়াছে পরেশপাথর গো
আইসে দেবীর পায়॥

বাচাল।
ফীরই মাদাই আওরি আওরি হিন্দু মুসলমান চিনিবারে নারি
ভাই সবার হাতে ছুরী কাটারী॥
দারুণ কুকুরার রোল বিষম বাজিছে ঢোল
হাওয়াই ছাড়িছে ঘনে ঘন।
কানুওরকা মোছলমান মাগোর পাতে ভাত খান
সোখরীতে না দেয় গোমায়।
মাধাই গেল বেকসাএর হাট মাস বেচে মাথায় পাগ
কপিলার মাংস তূলে ধরি।
সেখানে দাঁড়াইয়া ভাই দেবীর মাধাইরে
প্রাণ কাঁপএ থর হর।
মাধাই গেলরে সোএর হাট নাটিনী পুড়িছে নাট
গুস্তী ভাজিয়া খায় সুর॥
সেখানে দাঁড়াঞা ভাই দেবীর মাধাইরেঁ
প্রাণ কাঁপএ তুরাতুর॥

সন মঙ্গলবারে বাট পড়িছে হাঁসেন হাট
তায় বিকায় রসুন পিঁয়াজ।
নোড়ানুড়ি বাজারে কত বিকায় ভাই
আর বিকায় সতস্বরি হার॥
সেখান হইতে গেলা দেবীর মাধাইরে
যেখানে আছেন বিষহরি॥
দেখিয়া আইলাম যে সম্মুখ হইবেক যে
ছাড়িয়া পালায় তিরোপিনী॥

বাচাল।

বাসা মাগে গো চিড়ি × × × ×
হাতে দূর্ব্বাধান নিল জাতিন্দি ব্রাহ্মণী।
হাতে করে নিলাম বরুণ পোতা গোলা
হাতে তিরপিনি গলে রুদ্রাক্ষ জপমালা॥
শুন শুন নেতপাত্র ধোবিনী লো
স্বর্গে রাত্রি প্রথম প্রহর।
রাম রাত্রি পোহাইলে নগরে শুধাইব
কোথায় রক্ষকপালের ঘর॥
দেবী ব্যারীমহলে ছিল ভিতর মহলে গেল
সত্বরে করিল আচমন।
তাঁবার টাটে হস্তিকি ঘসিঞা
মুখশুদ্ধি যোগান ব্রাহ্মণ॥
মাকে খাট সিংহাসন দিলা
বরুণ পাথর হেরাধরি।
দেবীর মাথায় মণি জ্বলে বাহ্মণ বলে আঞ্চলে
সত্তবে জানাল্যা আপন গৃহে।
মা এল শুভক্ষণে পরিচয় না দাও কেনে
তুমি বটে ঈশ্বর ঝিয়ারী॥

আমরা ব্রাহ্মণ জাতি কান্দে পৈতা নাহি রাখি
মা দীর্ঘ ফোঁটা ব্যাপিত নাঞী ॥
রামরাত্রি পোহাইলে সূর্য্য অর্ঘি নাই
প্রাতে উঠে হাসেন গোসাঞি।
আশ্বিন মাসে আমার নরি
পূর্ব্বকবি রাত্রিভাগে কুড়াই এড়ান।
ধূপ নাহি জ্বালি প্রদীপ নাহি সাজি
ওর্চ্ছর্গ করে ছাগলে বলিদান ॥
তুলসী বেলের পাত হেথা আর নাহি
পাইগো বাছিয়া আনিগা দামুদরে।

× × × ×

দুর্জ্জন হাসেনের ডর রামরাত্রি পোহাইঞা জায়।

× × × ×

25 A. স্যায়াদ নোঙাইয়া মাথা যোড়হাতে কয় কথা
শুনরে বর্ণের নৃপবর।
দেখিয়া আইলাম যে সম্মুখ হইবে কে
ছাড় রাজা হোসেন নগর ॥
বুড়ীর আকৃতি প্রকৃতি বেশ পেকেছে মাতার কেশ
নির্ম্মল বুড়ীর শরীর।
যখন বুড়ী আজ্ঞা করে রূপের তামিকা হরে
রূপে গুণে যেন পদ্মিনী ॥
বাসগী দণ্ডে দিয়া পা শুনহে বর্ণের রায়
পৃথিবী অন্ত যতেক সংশয়।
দেখিয়া আইলাম যে সম্মুখ হইবেক কে
ছাড় রাজা হোসেন নগর ॥
স্যায়াদ মুখে বার্ত্তা পাঞা হাসেন ক্রুদ্দিত হইঞা
বাঙ্গালীর স্মুতে নেক নাম করে।
খানা খাব স্মুত মারিয়া। ইতি।

স্যায়াদ সুখের বার্ত্তা পাইঞা সপ্তশত ঘোড়া সাজে
পবন জিনিয়া যার বল।
সেজে আইস রাজপুত্র যেন যমের দূত
সওধিক কহিল তায়॥

× × × ×

। ছুরী দিল মাতা জুধাবির নাঞা রাঙ্গাধূলা দিলা মাতা রাখালের গায়।
মার মার করিয়া রাখাল জুঝিয়া বেড়ায়।
গান করি বিষ্ণুপাল বিষহরির বর
ভক্তলায়েকে মা কমলা দিবে বর॥
জুঝে মাগো জয় মনসা গৌলগলইঞা যত্র যথ
কতি খাপর হাতে জুঝিয়া আলগরথে
দেবলোকে দেয় জয় জয়।

× × ×

জুঝে গো মা জয় মনসা গো নাগ লঞা
হাসেন নগরে।
তক্ষতরি গুতা কিবা পরমাদ পড়িল মিঞা
মাগুপো এতিঞা পালায় ঘরে
বড় মিঞাকে সাপে খায় মাইতর মিঞা খেদাড়িয়া জায়
ছোট মিঞার ধরিলেক কাণে॥

× × ×

বাচাল।
খোট্টা উঠাইল হাসেন নৃপবর
পালাইয়া জান মা মনসাদেবীর গণ।
মোর কটক পাথহ ফেলে কটকের গায়
মার মার করিয়া কটক জুঝিয়া বেড়ায়।
এ বিষ নয়নে মা কটক পানে চায়
পুনর্ব্বার কটক গোলা প্রাণেরে হারায়।
পুন মরকট পাথর ফেলে কটকের গায়।

× × ×

পলাইয়া মা মনসা দেবগণ।
সেখান হইতে করিলা গমন।
লঙ্কাভুবনে যাইঞা দিলা দরশন।
প্রাণ রক্ষা কর বিভীষণ লইলাম স্মরণ। etc., etc.
বিভীষণ বলে মাতা নিবেদন করি।
সূর্য্যের নিকট গো সওরণ লও গো তুমি॥

Helped by the Sun God, Manasā at last defeats th two brothers, Hosain and Hāsān. They go to Śiva an Durgā who refuse them any help against Manasā. Th two brothers then have to seek the mercy of Manas and become great devouts of the deity. The story c Hosain and Hāsān is followed by that of Cānd Venia which concludes the manuscript.

329

Vipradāsa

3529. মনসামঙ্গল। *Manasāmaṅgala.*

Substance, country-made paper, 13½×5 inches. Folia, 2 to 31. Lines, on a page. Character, Bengali of the 19th century. Appearance, old and d coloured. Incomplete.

Beginning :—

মৃগরাজ ধজ্জা তেজা × ×
× × ×
পারিসতগণ বন্দো কার্ত্তিক কুমার
ডাকিনি জুগিনি বন্দো সার ধর্ম্ম × ×
× × ×
নানাস্থানে নানা মূর্ত্তি বন্দো জোড়কর।
জরৎকার মণি বন্দো তপে তেজময়॥

Colophon :—

A 31. দ্বিজ বিপ্রদাষে কহে কিঙ্কর তোমার।

The MS. has been printed.

330

Vipradāsa Pippalāi of Bāduriā Baṭagrāma.

3530. **মনসামঙ্গল।** *Manasāmaṅgala.*

Substance, country-made paper, 14 × 4½ inches. Folia, 4 to 138. Lines, 14 on ;e. Character, Bengali of the middle of the 19th century. Appearance, disred and worn-out. Painted cover.

A book on the glories of Manasā. It notices all places of importance at that time, on both the banks the Bhāgirathi from Bhāgalpur to Ceylon. It was ıposed in 1495 A. D. when Hosen Shāh was on the ›ne of Bengal and contains the earliest mention of ›utta.

Author's life :—

3 A. মুকুন্দ পণ্ডিত সুত বিপ্রদাস নাম।
চিরকাল বসতি নসুড্যা বটগ্রাম॥
বাচ্চগোত্র পিপ্‌লাই পঞ্চপ্রবর।
স্যাম বেদ জুতুর শাখা চারি সহোদর॥
শুক্লাদশমী তিথি বৈশাখ মাসে।
শিয়ড়ে বসিয়া পদ্মা করিলা উপদেশে॥
পাঁচালি রচিতে পদ্মা করিলে আদেশে।
সেই সে ভরসা আর না চলি বিশেষে॥
কবিগুরু ধিরজনে করি পরিহার।
রচিল পদ্মার গীত শাস্ত্র অনুসার॥
সিন্ধু ইন্দু বেদ মহি সক পরিমাণ।
নৃপতি হুসেন সা গৌড়ে সুলক্ষণ॥

হেনকালে রচিল পদ্মার ব্রত গিত।
শুনিয়া ত্রিবিধি লোক পরম পিরিত॥

Descriptive notes on both the banks of the Ganges.

133 A. পূর্ব্বকূল বাহিয়া এড়ায় কলিকাতা।
বেতড়ে চাপায় ডিঙ্গা চাঁদ মহারথা॥
পূজিল বেতাই চণ্ডী চাঁদ দণ্ডধর।
হরষিতে সাড়ী গায় নায়ের নফর॥
নানা উপহারে কৈল রন্ধন ভোজন।
ধলণ্ড বহিয়া গেল ত্বরিত গমন॥
কালীঘাটে চাঁদরাজা কালিকা পূজিয়া।
চূড়াঘাট বাহিয়া যায় জয়ধূলি দিয়া॥
ধনস্থান এড়াইল বড় কুতূহলে।
বহিল বারুইকুল মহা কোলাহলে॥

End :—

শ্রীশ্রীরাম ৪। এখন রহিল গীত বলে বিপ্রদাষ। নবমপা সমাপ্ত॥

The scribe's note :—

এ পুস্তক শ্রী গোপীনাথ সিংহ সাকিম দত্তপুকুরিয়া সং মিদ। শ্রীশ্রীগোপালসিংহ॥

331

Dvija Vāṇeśvara

5405. **মনসামঙ্গল।** *Manasāmaṅgala.*

Substance, country-made paper, 13¼ × 4½ inches. Folia, 7 to 32. Lines, 8, 9 on a page. The 15th leaf is missing. Character, Bengali of the early 19th century. Appearance, old and discoloured. Incomplete.

এমন অপূর্ব্ব গোদ নাঞি দেখি কার।
কহ দেখি হঞা সুখি মহিমা উহার॥

16 B. সদা সুর্দ্ধমতি রাএ আছিল সংরাম।
তুপফলে সুভতার হল্য আত্মারাম।
তার সুত গুণজুত হল্য বংসিরায়।
পরম পুরুষ তহো দেব সমকায়॥
তিন পুত্র হল্য তার এ মহিমণ্ডলে।
সর্গপথে গেল জিব তেজি গঙ্গাজলে॥
শ্রীযুত প্রতাপ রায় তার জেষ্ঠ সুত।
ধর্ম্মে জিনি যুধিষ্ঠির সর্ব্বগুণযুত॥
কনিষ্ঠ শ্রী রঘুনাথ রায় মহাশয়।
দানেতে কর্ণকে জিনি যাহার আসয়॥
মধ্যম শ্রী হরিনারায়ণ জার ক্ষেত্রি।
চতুরের সিরোমণি সদা সুর্দ্ধমতি॥
আমরা তাহার সুত দুই সহোদর।
কনেষ্ঠ শ্রী সদাসিব জেষ্ঠ বানেশ্বর॥
নিবাস চম্পকপুরি থকুরাইপুরে।
মনসামঙ্গল দ্বিজ ভণে বাণেশ্বরে॥

29 B. মনসামঙ্গল ভাসে প্রথম বৈসাখ মাসে
সোলস একচল্লিসে।
ভাবিয়া ভবানি হর ভণে দ্বিজ বানেশ্বর
মনসার মঙ্গল প্রকাসে॥

Date 1641 Śakābda (c. 1719 A.D.).

9 B. মনসাচরণ পরম কারণ কেতকদাসেতে বলে॥

Autobiography of the Poet begins thus :—

মনেতে মনসা সেবি ক্ষেমানন্দ কহে কবি
অল্প বুদ্ধি আমি কি জানি।
শুন ভাই মোর কথা দেবি হৈলা বরদাতা
সহায় পূর্ব্বক বিসহরি।

2 A. বলিভদ্র মহাশয় চন্দ্রকেতু ঋষি কয়
তাহার তালুকে ঘর করি ।
তাহার তালুক সেষ চলি গেল সর্গবাস
তিন পুত্রে দিয়ে অধিকার ।
শ্রীযুত আস্কুনি রায় পুণ্যের অবধি তায়
রণে বনে বিজয়ি সংসার ॥
তিন পুত্র অল্প বয় প্রসাদ গুরু মহাশয়
তালুকেতে করি লেখাপড়া ॥
তাঁহার কলম বেসে প্রজা নাই রহে দেশে
সর্ব্বনগর হইল কাড়ড়া ॥
রণে পড়ে রাণাখাঁ বিপাকে ছাড়িল গাঁ
যুক্তি করে জননী জনক ।
দিন কত ছাজি জাই তবে সে নিস্তার পাই
দেয়ানে হইল বড় ঠকা ॥
শ্রীযুত আস্করি রায় অনুমতি দিল তায়
ছক্তি দিন পালাবার তরে ।

332

Vaidya Haridāsa

4971. সমুদ্রমথন বা মনসামঙ্গল ।

Samudramathana or Manasāmaṅgala.

Substance, country-made paper, 15 × 5 inches. Folia, 19. Lines, 10 on a page. Extent in ślokas, 570. Character, Bengali of the 18th century. Appearance, discoloured. Complete.

Beginning :—

নমো গণেশায় ।
চিত্রা গোয়ালিনী রাখে শতেক সুরভি ।
তার সঙ্গে আচন এক কপিলা নামে গাভী ॥
শ্বেত নেঙ্গুড় গাভী কপালেতে চান্দ ।
রক্তলোচন হ'য়ে দেখিতে সুছান্দ ॥

ত্রেন খাইতে গেল গাভী গহন কাননে।
অতি সুকল ত্রেন দেখে বিদ্ধমানে॥
মহাদেবে (মোহাদেব !) বিজ্জ নষ্ট নহে কদাচিৎ।
খাইল চণ্ডীর গর্ব্বে ত্রেনের সহিত॥
তাহাকে দেখিয়া চিত্রা মনে মনে হাসে।
কাটা ঘাস দিয়া নিত্য যতন ক'রে পোষে॥
দশমাস দশদিন হইল সময়ে।
উঠে বৈসে মহাগাভী ক্লেশ অতিশয়ে॥
শরৎ প্রচণ্ড যেন জথে মনুরথ।
শুভক্ষণ পাইয়া হইল ভূমিগত॥
পরম সুন্দর বৎস দেখি অনুপম।
বাছিয়া থুইল চিত্রাএ মনুরথ নাম॥

× × ×

সুবর্ণ শিকল দিয়া বান্ধি গেল তারে।
গোপে লইয়া গেল গাভী তৃণ খাইবারে॥
দ্বিতীয় প্রহর বেলা গাভী নাই ঘর।
বিশেষ ক্ষুধায় বৎস হইল কাতর॥
ক্ষুধাতুর হইয়া বৎস হইল বিকল।
টানদিয়া ছিড়িলেক সুবর্ণ শিকল॥
সমুদ্রে নাবিল বৎস ক্ষুধাতুর হইয়া।
খাইলা সকল জল এক শ্বাস দিয়া॥
সমুদ্র শুষিয়া বৎস হইল না তুষ্ট।
রবির কিরণে জীব জন্তু হইল নষ্ট॥
পাইয়া শেতল বাও সমুদ্রের কুলে।
সুখে নিদ্রা যায় বৎস দির্ব্ব তরুতলে॥
হেথায় কপিলা গেল ত্রিকূট পর্ব্বতে।
ব্যাঘ্ররূপে ধর্ম্মদেবে লাগিল কহিতে॥

ব্যাঘ্র বোলে গাভী যদি সত্য কর তুম্ভে।
তবে তোমা স্থানে এক ভিক্ষা মাগি আজ্ঞে।
গাভী বলে ব্যাঘ্র তোর ব্যার্থ না করিব।
যেই ভিক্ষা চাহ তুম্ভে সেই ভিক্ষা দিব॥
ব্যাঘ্র বলে তোরে সকলে প্রশংসে।
উদর পূরিতে চাই তোর রক্ত মাংসে॥
এই ভিক্ষা তোমাস্থানে মাগিলাম দড়।
যদি সত্য রক্ষা পাইব খাইড আশুবাড়॥
গাভী বলে খাইবা মোরে নাহিক সংশয়ে।
এক কথা কহি আহ্মে যদি মনে লএ॥
যাবৎ দেখিয়া আসি পুত্র মন্নুরথ।
এইখানে থাক তুহ্মি আইসম জাবত॥

The story of the manuscript is briefly this :—

Milk-maid Citrā had a cow called Kapilā. Now Kapilā, while grazing in a field, happened to eat the semen of Śiva, which could not go for nothing ; and in a few days, brought forth a beautiful calf. One day the calf got very hungry and after breaking loose, ran to the ocean and drank it up.

Meanwhile Kapilā, who promised her flesh to Dharma in the tiger-form, wanted, before she gave up her life, to see her calf once but found it nowhere. Atlast it was discovered on the bank of the ocean. But seeing the ocean without water, she made it full with her milk. She then went back to Dharma. Dharma, extremely pleased with her truthfulness, let her go without requiring the sacrifice of her life.

Next morning, when the Munis came to bathe in the ocean, they were surprised to find the ocean full of milk instead of water. They then went to Śiva. Śiva with

other gods was then witnessing the dance of Menakā and Urvaśī and bade them sit down to witness the performance. Now Indra, pleased with the dancing of Urvaśī made her a present of his garland of Mandāra. Urvaśī met Durvāṣā on the way. The Muni compelled her to part with the garland. The Muni again presented it to Indra. The latter recognised the garland, and rather at a loss to see how the Muni came by it, thoughtlessly placed it on the head of his elephant. The Muni flew into a passion to see a gift from him treated so contemptuously and cursed the offender. The kingdom of heaven was destroyed in a moment. The Pārijāta, Airāvata, Lakṣmī all deserted him. Indra, in his distress sought the help of Brahmā. They went together to Viṣṇu. Viṣṇu hit upon the plan of turning the ocean's milk into curd out of which they were to churn out Pārijāta, Airāvata, Lakṣmī and thus to restore Indra to his former prosperity.

Viṣṇu bade Śuka (a bird) to bring tamarind from Trikūṭa. The bird, while bringing it, let it fall accidentally into the ocean; and the milk was turned at once into curd. It was then churned with Mandāra as the churning staff and Vāsuki as the chord. There came out Airāvata, Pārijāta, Lakṣmī, Amṛta and with them the poison too. The poison was swallowed by Śiva and he dropped down dead. Then the gods called for the assistance of Manasā. Manasā was once offended by Śiva and Durgā. Durgā now propitiated her with various praises. At last Manasā restored Śiva to life to the joy of all the gods present.

End :—

বৈদ্য শ্রীহরি রচিল পদবন্দে।
সর্ব্বত্র মনসা দেবী রাখিবা সানন্দে ॥
ইতি সমুদ্র মথন সমাপ্ত। জয়াদিষ্টঃ ইত্যাদি।

333
Rāma (Dwija Rāmeśwara)

5412. **শিবেরকীর্ত্তন।** *Śiberakīrtana.*

Substance, country-made paper, 12×4¾ inches. Folia, 4 to 9. Lines, 10 on a page. Extent in ślokas, 200. Character, Bengali. Date, B. S. 1281 (c. 1874 A. D.). Appearance, fresh. Incomplete.

Page 4 B. দ্বিজ রামেশ্বর কহেঃ
এমন উচিত নহেঃ
পরিচয় দেহ ত্রিলোচন।
শিবের চাস করা লিখএ (P. 4. B.)

Marginal writings :—
শিবের পুথি (P. 4. A.) শ্রী শ্রীরামদত্ত (Page 9. B.)

Colophon :—

আজিতো অস্থির তাত যশোমন্ত্র নরনাথ
রাজারাম সিংহের নন্দন।
শুদ্ধ বিদ্যা রাজা ঋষি তাহার সভায় বসি
রচে রাম শিবের কীর্ত্তন ॥

Post colophon statement :—

যথাদৃষ্টমিত্যাদি। ইতি সন ১২৮১ সাল তারিখ ৩১শে বৈশাখ
শ্রী মহাভারত বাড়ুই সাং ময়নাপুর।

334
Rāmeśwara

5432. **শিবায়ন।** *Śivāyana.*

Substance, country-made paper. Folia, 2 to 42 of which again the 9th is missing.

Lines, 7 on a page. Extent in ślokas, 560. Character, Bengali of the early 19th century. Appearance, discoloured and worm-eaten. Incomplete.

A well-known work, often printed.

The MS. ends :—

মধুক্ষর মনোহর মহেশের গীত।
রচে রামেশ্বর রামসিংহ প্রতিষ্ঠিত॥
ইতি সাঁখাপরা সমাপ্ত।

335

Dvija Sahadeva

5364. **তারকেশ্বরের বন্দনা।** *Tārakeśwarera Bandanā.*

Substance, country-made paper, 10×4 inches. Folia, 4. Lines, 7 on a page. Character, Bengali. Date, B. S. 1244 (c. 1837 A. D.). Appearance, fresh. Complete.

Beginning :—

শ্রীশ্রীদুর্গা।
অথ তারকেশ্বরের বন্দনা লিখ্যতে।
বন্দিব বনের মধ্যে খেপা পশুপতি।
চারিদিকে উল্‌খাগড়া বেনার বসতি॥
চৌদিকে জঙ্গল জলা গহন কানন।
মধ্যেতে সিংহন দ্বীপ অতি রম্য বন॥
কপিলা দিছেন দুগ্ধ একচিত্ত হইয়া।
দেখিল মুকুন্দ ঘোস কাননে বসিয়া॥
কপিলার দুগ্ধে তুষ্ট ভোলা মহেশ্বর।
মৃত্তীকা খুলিয়া দেখে অপূর্ব্ব পাথর॥
হস্তে ক্ষোদে মাটী কেহ খোদে দিয়া বাড়ি।
পাষাণ দেখিয়া বলে হইল ছেয়া গাড়ী॥

Mukunda Ghose, being told in a dream that the stone is no ordinary stone but an emblem of Śiva, draws Bhārāmalla's attention to it.

2 A. হেনমতে বিশ্বনাথ হইল অবতার।
রায় ভারামল্লরাজা পাইল সমাচার॥
কাননে শিবের রঙ্গ শুনিয়া শ্রবণে।
ভারামল্ল যাত্রা কৈল লিঙ্গ দরশনে॥
বহুত মাউত ঘোড়া সাজায় নস্কর।
মহারাজা প্রবেশিল বনের ভিতর॥
জটাধারী ত্রিপুরারী দেখিয়া নিয়ড়ে।
রায় বলে রাখিব লঞা রামনগরে কাড়ে॥
সতো কুড়া নিয়োজিল কাটীবারে মাটী।
জোতো কাটে তোতো বাড়ে পুস্কণী জাটী॥ etc., etc.

3 B. মৰ্দ্ধখানে তোরকেশ্বর চৌদিগেতে জোলা।
ভক্তগণ পূজা দেয় টালাফুলের মালা॥
বালিগড়ে পরগণা তার বিলেতে বিস্বাম।
পাতকী তরাতে প্রভু তারেশ্বর নাম॥
মনে হয় মৃত্যুঞ্জয় একচল্লিস সালে।
বিস্বর্দ্ধ বসেছিল শ্রীফলের মূলে॥

End :—

গান দ্বিজ সহদেব শঙ্কর ভাবনা।
নিবাসী নন্দনবাটী বালগড়ে পরগণা॥

Colophon :—

ইতি তারকেশ্বরের বন্দনা সমাপ্ত।

Post colophon statement :—

লিখিতং দুর্গাচরণ পারামাণিক। সাকিম খোজানরবেড় পরগণে বৰ্দ্ধমান সন ১২৪৪ সাল বি তারিখ পাঠক শ্রী যদু লাই॥

336

Guṇarāja Khāna

4956. লক্ষ্মীচরিত্রম্ । *Lakṣmīcaritram.*

Substance, country-made paper, 14½ × 5 inches. Folia, 3. Lines, 12 on a page. Extent in ślokas, 100. Character, Bengali of the 18th century. Appearance, discoloured. Complete.

Beginning :—

নমো গণেশায় ॥
প্রণমহ নারায়ণ লক্ষ্মীকান্তপতি ।
রুদ্রদেব পতি হন দেবী সরস্বতী ॥
গণেশ দেবতা বন্দন গৌরীর নন্দন ।
হরগৌরি প্রণমোহ জত দেবগণ ॥

× × ×

যেবা দোষে লক্ষ্মীদেবী পুরুষ ছাড়ন্তি ॥
তাহার চরিত্র কথা শুন সাবধানে ।
লক্ষ্মীর চরিত্র কথা শুন সাবধানে ॥

End :—

এসব নিয়ম যার থাকে সর্ব্বকাল ।
তাহার ঘরেতে হএ লক্ষ্মী অবতার ॥
লক্ষ্মীর চরিত্র জেবা লিখিয়া রাখএ ।
ধনে ধন্নে (ধান্যে ?) পুত্রে পৌত্রে বাড়এ নিজএ ॥
ধন সম্পদ হএ আশ্চর্য্য বিস্তর ।
কহিল সকল কথা সুন গদাধর ॥

Post colophon statement :—

শ্রীগুরবে নমঃ সরস্বতৈ নমঃ লিখিতং শ্রী রামসার পণ্ডিত সাং বসইয়া পুস্তক রামশঙ্কর পণ্ডিত সাং বসইয়া ॥

337

Pancānana

5359. লক্ষ্মীচরিত্র। *Lakṣmīcaritra.*

One sheet of foolscap paper, folded four times. Lines, 10 on a page. Character, Bengali of the 19th century. Appearance, discoloured. Complete.

End :—

লক্ষ্মীর চরিত্র কবি ভাঙ্গালেন ভাষা করি
ভন্যাত তাতার তার পুরে পঞ্চাননে।
নৈকষ্য ফুলিঞা মান সুসেন পণ্ডিত নাম
তাহার সন্তান পঞ্চানন॥
সন সংখ্যা শুন কই 'এগার সত্ত সাতান্নই
বর্দ্ধমানে সুজফরে ধাম॥

Post colophon statement :—

ইতি লক্ষ্মীচরিত্র লিক্ষ্যতে। জথাদৃষ্টমিত্যাদি। লিখীতং দোষ নাস্তী।

There is also half a sheet of paper containing a song of Caṇḍīdāsa.

শ্রীশ্রীরাধাকৃষ্ণ॥
সন ১২৩৩ সাল।

কি নারি পুরুস ভুবনে বহু তাহাতে রসিক আছ একহু রসের নারি। ইত্যাদি। × × চণ্ডিদাস কহে কাতর বাণিঃ স্বপনে না ছাড় রসিক মণি॥ এ দেহে বৈসে মদনরাজ॥ × ×

338

Guṇarāja Khāna

4756 B. লক্ষ্মীচরিত্র। *Lakṣmīcaritra.*

Substance, country-made paper, 14×5 inches. Folia, 4. Lines, 9 on a

page. Extent in ślokas, 100. Character, Bengali. Date, B. S. 1234 (c. 1827 A. D.). Appearance, old and discoloured. Complete.

Beginning :—

শ্রীশ্রীদুর্গা। শ্রীকৃষ্ণ।
ধনং ধা।
লক্ষ্মীচরিত্র লিখ্যতে।
ধনং ধানং ধরা ধর্ম্মং etc., etc.
প্রণমহ নারাঅন লক্ষ্মীকান্ত মতি।
তদন্তরে প্রণমহ দেবী সরস্বতী।
× × ×
× × ×
সরস্বতী দেবী মোরে করিল আদেশে।
লক্ষ্মীর চরিত্র কিছু করিয়া প্রকাশে॥
জে ২ কুলে লক্ষ্মীদেবী পুরুষে থাকেন।
জে জে দেশে লক্ষ্মীদেবী পুরুষেতে জেন॥
তাহার বিধান কথা কহি সভাস্থানে।
লক্ষ্মীর চরিত্রকথা শুন সাবধানে॥
মেরুপৃষ্ঠে নারায়ণ আছেন বসিয়া।
লক্ষ্মীকে পুছেন কৃষ্ণ কৌতুক করিয়া॥
কোন গুণে লক্ষ্মীদেবী পুরুষে থাকহ।
কোন গুণে লক্ষ্মীদেবী পুরুষে ত্যজহ॥
জখন তখন পড়ে লক্ষ্মী তুষ্ট তাতে।
গুণরাজ খানে বলে বন্দে হরিহরে॥
জন্মে জন্মে লক্ষ্মী না ছাড়য় তার ঘরে॥

Colophon :—

ইতি লক্ষ্মীচরিত্র সমাপ্ত।

Post colophon statement :—

ইতি সন ১২৩৪ স্যাল তারিখ ১৩ মাগে বেলা ১ ঘড়ী থাকিতে শমাপ্ত হইল।

339

Jagannātha Sena

3735. হিতোপদেশঃ। *Hitopadeśa.*

Substance, country-made paper, 12½ × 5 inches. Folia, 120. Lines, 10 on a page. Extent in ślokas, 4200. Character, Bengali. Date, Śaka 1635 (c. 1713 A. D.). Appearance, old and repaired with transparent paper. Complete.

A Bengali translation in verse of Viṣṇusarman's Hitopadeśa by Jagannātha Sena with an introduction in Sanskrit, under the patronage of Anantabala.

Beginning :—

শ্রীশ্রীরাধাকৃষ্ণাভ্যাং নমঃ।
শ্রীশ্যামসুন্দর পদং বিপদন্তমন্তঃ
সাঞ্চিন্ত্য সন্ততমনন্ত ধরাধিনাথঃ।
আবালবালিশ বধূজন বোধনায়
ব্যক্তার্থমেব বিতনোতি হিতোপদেশম্॥
শ্রীবিষ্ণুশর্ম্ম বুধনির্ম্মিত নির্ম্মলোক্তি
(?) স্তানীতিরীতিমধিগন্তমুপাসতে × ঃ।
এন্তথাপিহি তদীয় কথাবলীনাং
ব্যাখ্যানমেব খলু মন্দধিয়াং সুখায়॥

ধবল ধরণীনাথেনার্চ্চিতঃ শ্রীল বংশীবদনবরমহিম্নঃ পুণ্য নাথো ধিরত্ন নিখিলজনসুগম্যং রম্যমেতং প্রবন্ধং রচয়তিরুচিরার্থং শ্রী জগন্নাথ সেন॥ বংশীপাত্রস্য পুত্রেণ জগন্নাথেনধীমতা। [হিতোপদেশগ্রন্থস্য ব্যাখ্যাব্যাসেন লিখ্যতে॥]

× × × ×

অন্তো বিদ্বিষ্ণামনন্তধবলঃ ক্ষৌণীপতিঃ স্বস্তিনান (?)
লোকখ্যাতঃ শশাঙ্ককুলভূমূর্দ্ধাভিষিক্তাগ্রণীঃ।
ধর্ম্মে নিষ্ঠতমং কনিষ্ঠমপিয়ং দৃষ্ট্বা বিশিষ্টং গুণৈঃ
তাতঃ পৌরট মাতপত্র (?) মমলং দত্ত্বাভ্যষিঞ্চৎ স্বয়ম্॥

কি × ব্যাহি গুণাগুণৈকবসতেলোকেগুণৈঃ শ্রীমতাং
সংখ্যানে গণণীয়মেব পুরতো যন্নাম ভূমীভুজাং।
কর্ত্তুং প্রোন্নতকল্পবৃক্ষশিখরে পুষ্পপ্রচায়ং সদা
গীয়ন্তে সুরসুন্দরীভি [ত] সংকীর্ত্তয়ঃ কীর্ত্তয়ঃ॥
প্রথমে বন্দিব শিব শেবক বৎসল।
জার সুভবলে নষ্ট হয় অমদিলা॥
জার ধ্যান কৈলে জ্ঞান হয়ে নিরমল।
ভক্তকাম কল্পতরু চরণ কোমল॥
সুরেশ্বরী জাহ্নবীরে শিরে দিলা স্থান।
কপালে শশির কলা শোভিছে উজ্জ্বল॥
সমুদ্র মন্থনে উঠিল গরল।
সংসার রাখিতে শিব করিল কবল॥
সুন্দর শরীর যেন রজত অচল।
কেবল কালিমা শোভে কক্ষতল॥
শ্রীঅঙ্গে ভূষণ শিবের ভুজঙ্গ সকল।
ভুজঙ্গের টাড়বালা ভুজঙ্গ কুণ্ডলা॥ etc.

End :—

গোপীনাথ ধবল নৃপতি মহাবল।
সাহিজাদা পদবী শোভিত মহীতল॥
তাঁর পুত্র অনন্তধবল ধর্ম্মশীল।
সর্ব্বলোক গাএ যাঁর গুণ নিরমল॥
আবালবনিতালোক বুঝাবার তরে।
প্রচার করিল শাস্ত্র পাঁচালি প্রচারে॥
ধন্য ধন্য অনন্তধবল ধরাপতি।
সদনে লক্ষ্মীর বাস বদনে × × বি॥
ইহাতে কহিল সব স্মৃতি ইতিহাস।
× × সাঙ্গ হইল হিত উপদেশ॥

শ্রীরাধাকৃষ্ণ চরণযুগলং বন্দে মুদা সর্ব্বদা ॥ শকাব্দাঃ ১৬৩৫
(c. 1713. A. D.).

340

Unknown

4133. মহামুদ্গর। *Mahāmudgara.*

Substance, country-made paper, 14 × 4½ inches. Folia, 17. Lines, 8 on a page. Extent in ślokas, 425. Character, Bengali of the 18th century. Appearance, old and rotten. Complete.

Beginning :—

নারায়ণং নমস্কৃত্য etc.
একদিন শিবদুর্গা কৈলাসে বসিআ।
হাস্যরস কথা কহে হরষিত হয়া ॥
পার্ব্বতী বোলেন প্রভু করি নিবেদন।
ভক্তি জ্ঞানকথা কিছু করিব শ্রবণ ॥

Colophon :—

ইতি মহামুদ্গর পুস্তক সোমাপ্ত।

Post colophon statement :—

× শ্রী রতিরাম দাস সেন সাং বেচাবাষতে লিখ্যাতে।

341

Unknown

4249. শনিপাঁচালি। *Śanipānchāli.*

Substance, country-made paper, 16½ × 6½ inches. Folia, 6. Lines, 13 on a page. Extent in ślokas, 240. Character, Bengali. Date, Śaka 1613 (c. 1691 A. D.) Appearance, old and decaying. Complete.

End :—

সুনিলে সম্পদ বাড়ে পঠিলে শত্র ক্ষয়।

Colophon :—

ইতি শনিপাঁচালি সমাপ্ত।

Post colophon statement :—

জথাদৃষ্টং etc. শকাব্দা ১৬১৩ (c. 1691 A. D.). × × রায় লিখিতং মৌং ইতি সন ১১৮৮ (c. 1781 A. D.). ২৫ আষাঢ়।

342

Rāmagati Sena

3402. মায়াতিমিরচন্দ্রিকা। *Māyātimiracandrikā.*

Substance, foolscap paper, 8¾×7 inches Folia, 76. Lines, 18 on a page. Extent in ślokas, 700. Character, Bengali in a modern hand. Appearance, fresh. Complete. Bound in book form.

A Bengali work of Tantra.

The MS. has been published.

Beginning :—

অথ শ্রী রামগতি সেন বিরচিত মায়াতিমিরচন্দ্রিকা নাম গ্রন্থমিদম্‌।

নমো নমো দেব দেব অনাদি অনন্ত।
অপার মহিমা কিছু কহিছে বেদান্ত॥
গুণাতীত পরাৎপর শরানন্দময়।
সর্ব্বাধার নিরাধার চারিবেদে কয়॥
মন্ত্রভেদে ষড়াধার সপ্তম অষ্টম।
কেবল কৈবল্য ধাম তাহাত নিয়ম॥ ইত্যাদি।

End :—

× × গুণবদ্ধস্তথাজীব প্রাণপানেন ধায়তো।
স্বাক্ষর মেতৎ শ্রীশ্রী ষষ্ঠীবর ঘোষ॥

343

Kṛṣṇānanda

4254. A work without name.

Substance, country made paper, 12½×5 inches. Folia, 27 of which the first and the 18th are missing. Lines, 8 on a page. Character, Bengali. Date, B. S. 1256 (c. 1849 A. D.). Appearance, old and decaying.

Colophon :—

ইতি পুস্তক সমাপ্ত।

Post colophon statement :—

শ্রীল শ্রীকৃষ্ণদেব পুস্তকমিদম্। যথাদৃষ্টং তথা লিখি ইতি। etc., etc. সন ১২৫৬ ছাপন্ন তেরিখ মাহ ১৫ আগ্রাহায়ণ দুর্গা দুর্গা—

A Bengali work by *Kṛṣṇānanda.*

The subject of the book is the theft of nectar by Garuḍa from the custody of the gods and the consequent war between them. The parties at last come to an amicable settlement through the intervention of Manasā.

The author's name appears in the colophon :—

12 B. শুন শুন সভাসদ শুদ্ধবুদ্ধি বিশারদ

কৃষ্ণানন্দের মধুর সুসার।

344

Śubhankara

5379. **ছত্রিশ কারখানা।** *Chatriśa Kārkhānā.*

Substance, country-made paper, 9¼×3¼ inches. Folia, 8. Lines, 6 on a page. Character, Bengali of the 18th century. Appearance, discoloured. The second leaf is missing. Incomplete.

Śubhaṅkara's work on Jamidārī accounts.

Beginning :—

শ্রীরাধাকৃষ্ণ।

শ্রীকৃষ্ণচরণাম্ভোজ প্রণম্য পরয়া মুদা।

ঋজুকাগজসারোঽহং চিত্রগুপ্তযথোদিতম্॥

অত্র কাগজপ্রমাণম্।

দীর্ঘে দ্বাদশাঙ্গুলং চৈব প্রস্তারং চাষ্টাঙ্গুলম্।
জ্ঞায়তে চতুর্ভাগেন যোরস্ব প্রমাণং ভবেৎ॥

5 A. জমায় খরচ বাঁকিতে লিখ আজ গুজা রথ।
কেহ লেখাপড়া করুক কহএ কাগত॥
কহেন শুভঙ্কর যদি না মিলএ আঁখ।
যতেক লিখিলে ভাই সব ভোঁসের টাক্॥

6 A. ইতি আয়নগদি কাগজ প্রকরণম্।

8 A. তুর্কীস্থানি হিন্দুস্থানি দুর্য্যের জবানে।
ছত্রিশ কারখানার নাম শুভঙ্করে ভণে॥

ইতি ছত্রিশ কারখানা।
অথ জমীর সেআখৎ কথনম্।

345

Unknown

3748. সত্যাশ্রয়। *Satyāśraya.*

Substance, country-made paper, 11 × 4 inches. Folia, 21. Lines, 9 to 13 on a ge. Extent in ślokas, 400. Character, Bengali of the 19th century. Appearance, sh. Complete.

A Christian tract in Bengali prose.

The scribe's name is given as Rāmakamala hattacharya.

Beginning :—

ওঁ রামঃ শরণং। সত্য আশ্রয়।

এক বৃদ্ধ মনুষ্য কোন এক যুবা পুরুষকে কহিতেছেন ওহে বাপু একটুকি আস্তে আস্তে চল তোমায় আমায় দুইজনে কথা কহিতে কহিতে গেলে কি ভাল হয় না। আর যদি মনোযোগ কর তবে গোটা দুই কথাও কহিতে চাহি। যুবা উত্তর করিতেছেন। যে আজ্ঞা মহাশয় যাহা বলিতে ইচ্ছা হয় আজ্ঞা করুন। বৃদ্ধ

বাপুহে প্রথমে একটি কথা তোমাকে জিজ্ঞাসা করি আপনার পরিত্রানের উপায় কি আছে জান? etc.

End :—

ইস্তাহার॥ যে মহাশয়রা এই পুস্তক পাঠ করিয়া তদ্বিষয়ে কোন সন্দেহ করিয়াছেন কিম্বা সকল কথার তাৎপর্য্য বুঝিতে পারেন নাই ইহারা পশ্চাৎ লিখিত সহার নিবাসি পাদরি সাহেবদের নিকটে গমন করিলে পাদরি সাহেবগণ আহ্লাদপূর্ব্বক সন্দেহ ভঞ্জন করিবেন ও কথার ভাব কহিয়া দিবেন। এবং ঈশ্বরের শাস্ত্রোক্ত ত্রাণে পথও দেখাইবেন। সত্য আশ্রয়। লিখিতং শ্রী রামকমল ভট্টাচার্য্য। × × শ্রীশ্রীসীতারাম শরণং শ্রীশ্রীরাম শরণং॥ শ্রীরাধাকৃষ্ণ শরণং। × ×।

346

Khanā

5383. **খনারবচন।** *Khanārbacana.*

Substance, country-made paper, 9×6 inches. Pages, 154. Lines, 20 on a page. Character, Bengali. Appearance, old. Bound in book form.

This is a collection of miscellaneous things by a Kāyastha, opening with questions and answers, which all Kāyasthas must know.

Khanāra Vacana begins in p. 21, the first twenty leaves being taken up with miscellaneous things. The Vacanas of Khanā are preceded by a short life of Khanā and her husband Mihira, as current among the people of the country. The life ends in p. 32, after which begins the real Khanāra Vacana, which ends in p. 45. It is full of many songs and other things.

The date of the manuscript :—

The buffer leaf, not paged, contains an account of B. S. 1262 and the account of 1266 (c. 1859 A. D.).

Life of Khanā begins in P. 21.

খনার জন্মের প্রকৃত বৃত্তান্ত প্রাপ্ত হওয়া কঠিন। কেহ কেহ বলে তিনি ময়দানব রাক্ষসের কন্যা। কেহ কেহ বলেন তিনি কোন রাজার কন্যা ছিলেন পরে রাক্ষসেরা তাহার পীতার রাজ্য ভ্রষ্ট করিয়া তাহাকে লঙ্কা অর্থাৎ সীংহল দ্বীপে লইয়া গিয়া কন্যার ন্যায় লালন পালন করিয়াছিল। জাহা হউক, খনার জ্যোতিষশাস্ত্রি নিপুনতার বিসয়ে কীছু মাত্র সন্দেহ নাই।

Khanār Vacana begins in P. 33.

গ্রহ গণনা।

যেই মাসে যেই রাশি, তার সপ্তমে থাকে শশি।
জদি পায় পূর্ণমাসি, অবশ্য রাহু চাঁদ গ্রাসী॥ ইত্যাদি।

The life-story of Khanā is written in prose.

347

Unknown

5449. সংজাতপদ্ধতি। *Saṃjātapaddhati.*

Substance, palm leaf. 15×1½ inches. Folia, 88 by counting. Lines, 3 on a ge. Character, Bengali of the 18th century. Appearance, discoloured.

Four batches of leaves all about the ritual of Dharma.

(I) Five leaves—marked 1 to 5 on the sacrifice of goat.

(II) Four leaves containing *mantras* for the worship f Dharma, quite at random.

(III) Four leaves marked 1 to 4.

Beginning :—

অথ ধর্ম্মপূজাবিধি লিখ্যতে।

(IV) Total number of leaves from 1—75. The work contains details of rituals.

Beginning :—

শ্রীশ্রীহরি। শ্রীশ্রীধর্ম্মদেবস্য বারমতি গৃহভরণে কামিনা উত্থান। অথক্রম জলসমীপং গত্বা কুশহস্তাচমনং ওঁ অপবিত্রঃ পবিত্রো বা ইত্যাদি।

Colophon :—

ইতি সাংজাতপদ্ধতিঃ সমাপ্তা।

Post colophon statement :—

ইতি পুস্তকঃ লিখিতং শ্রী অর্জ্জুন পণ্ডিতঃ।

348

Rasamaya Dāsa

5000. প্রাপ্তিদুর্ল্লভ। *Prāptidurlabha.*

Substance, country-made paper, 15 × 5 inches. Folia, 4 to 8. Lines, 10 on a page. Extent in ślokas, 200. Character, Bengali. Date, B. S. 1163 (c. 1756 A. D.). Appearance, discoloured. Incomplete.

An exposition of the Vaiṣṇava mode of worship and meditation :—

L 4. চারাচারি করে তেহি ভূমিতে পড়িয়া ॥
বুঝিতে নাড়িল কেহ দোঁহাকার মতি।
অদ্বৈত জানেন দোহার প্রেমের য়াকৃতি ॥
তিনজন চারাচারি হস্ত ধরাধরি।
বুঝিতে নাড়িল কেহ দোহার চাতুরী ॥
তিনজন একত্রে বসিয়া বিরলে।
অদ্বৈত বলেন তবে শুন কুতূহলে ॥
শান্তিপুরে যাহ তুমি শুনহ বচন।
তোমা দরশনে প্রেম পাব কোন জন ॥

গঙ্গা তোমার দরশনে কৃতার্থ হইব।
আমি তথা না যাইব প্রভুস্থানে যাব॥
আমি যাইব গঙ্গাপার করিতে দর্শনে।
শ্রীপাট হইবে স্থান খড়দহ গ্রামে॥
দুই প্রভু নবদ্বীপে করিল গমনে।
পশ্চাতে আসিয়া হইব সব ভক্তগণে॥
শ্রীবাসাদি করিয়া যত ভক্তগণ।
লীলা ছলে আসি সব পাইব দরশন॥
শুনিয়াও সদাশিব গরগর হিয়া।
শান্তিপুরে গমন প্রভুর লাগিয়া॥
এইরূপে তিনজন গমন করিল।
একে একে ভক্তবৃন্দ আসিয়া মিলিল॥
মহাপ্রভু আগমন করিলা নবদ্বীপে।
বৃন্দাবনের নাথ প্রভু পরম কৌতুকে॥
শচীর গর্ভেতে জন্ম লভিল আসিয়া।
রাধাভাব অঙ্গীকার প্রেমে বশ হইয়া॥
জগন্নাথ নন্দঘোষ শচী সে যশোদা।
বসুদেব উপানন্দ দেবক্যাদি মাতা॥
মহাপ্রভুর লীলা হয় অনন্ত অপার।
ইহা কে বুঝিতে পারে তাতে জীব ছার॥
গোঁসাইদেব উপাসনা তিন মত হয়।

কোন তিন মত হয়। সিদ্ধ সাধক প্রবর্ত্ত।

Leaf 5.

আগে উপাসনা হয় সিদ্ধের লক্ষণ।
উপাসনা হয় এক কৃষ্ণের মনন॥

কৃষ্টের মোন কোন? তিন অক্ষর। রাধিকা। স্মরণ পঞ্চনাম

কৃষ্ণ কৃষ্ণ গোবিন্দ রাধেকৃষ্ণ। লীলা কাকে বলি কৃষ্ণের নিত্যলীলা গৌরলীলা।

End :—

পঞ্চরসজ্ঞান। নাম নামি ভেদ। রাধাকৃষ্ণ পর কিবা আস্বাদন। বাণ সাধন। সম্বন্ধাভিধেয়। প্রয়োজন জ্ঞান। ভাবনিষ্ঠা। আস্বাদন ডণ্ড নিরূপণ।

Colophon :—

ইতি প্রাপ্তিদুর্ল্লভতা গ্রন্থ সমাপ্ত।

Post colophon statement :—

শ্রীশ্রীরাধাকৃষ্ণ চরণে স্মরণম্। শ্রীশ্রীগুরবে নমঃ। ব্রাহ্মণেভ্যো নমঃ etc., etc. লিপিকৃত শ্রী তিলকরাম দেব শর্ম্মণঃ। জথাদৃষ্ট-মিত্যাদি। সন ১১৬৩ (c. 1756 A. D.) তারিখ ১৩ই অগ্রহায়ণ।

4. ASTROLOGY

349

Bārāṇasī Vidyābāgīśa

4995. ফলিত জ্যোতিষ। *Falita Jyotiṣa.*

Substance, country-made yellow paper, 15½×3½ inches. Folia, 2 to 20. Lines, 9, 10 on a page. Extent in ślokas, 600. Character, Bengali of the 19th century. Appearance, fresh. Incomplete.

A Bengali treatise written in prose on astrology by Bārāṇasī Vidyāvāgīsa. It ends with the restoration of a lost nativity.

যথাক্রমেতে যাক অনুমান করে মাস এবং অয়নজ্ঞান করে লগ্নরাশি এবং গ্রহ জানিবেন। ইত্যাদি গ্রন্থঃ সমাপ্তশ্চায়ম্।

Colophon :—

ভট্টাচার্য্যেণ শ্রীযুত বারাণসী বিদ্যাবাগীশেন কৃতঃ॥

It consults Rāghava Śarmā.

20 A. রাঘব শর্ম্মার যুক্তি এই যদি কিঞ্চিৎ হীন হয় তবে এক কিম্বা ষোড়শ যোগ করিবেক।

There is one more leaf, with three lines only containing the beginning of Jyotiṣasaṃgrahasāra by Rāmacandra who lived at Pālpāḍā.

সেই সত্যপরাৎপর বাঙ্‌মন অগোচর।
বিশ্বব্যাপি বিশ্বের কারণ।
দ্বিজরামচন্দ্র নাম বাস পালপাড়া গ্রাম।
নতি স্তুতি করি কায়মনে॥
বার তিথি রাশি লগ্ন শুনিতে সকলে মগ্ন
গৃহস্থের সদা প্রয়োজন।
সবিশেষ জানিবারে জ্যোতিষ অপেক্ষা করে
এই হেতু করিয়া যতন॥
শাকে সপ্তদশ শতে আটত্রিশ দিয়া তাতে
সাধারণ বোধের কারণ।
জ্যোতিঃ সংগ্রহ সার যথাশক্তি আপনার
করিলাম ভাষা বিবরণ॥
প্রথম সংগ্রহ এই মনে বড় ভয় সেই
যদি ত্রুটি থাকে কোন স্থানে।
শুধিবেন সাধুজনে কৃপা করি নিজ গুণে
দোষ নাশে সাধু সন্নিধানে॥

350

Mahādevakavi

2798. স্বরোদয়ভাষা। *Svarodayabhāṣā.*

Substance, country-made paper, 15 × 3½ inches. Folia, 63. Lines, 7 on a page. Extent in ślokas, 1900. Character, Bengali of the 19th century. Appearance, discoloured.

Beginning :—

নমঃ শিবায়
কর্ম্মস্থ পতিদোবার বিষ্ণুচন্দ্রাক দীপকম্।
বহুরগুঃপুরং যস্য তং বন্দে ব্যোম গোপুরম্॥
প্রণম্য চন্দ্রাকস্তরূন্ন গণেশ্বরং
যথার্থ সংদীপক দেশ ভাষয়া।
স্বরোদয়ং শিষ্য সুবোধ সোষ্ঠবং
মুদা মহাদেব কবি স্তনোত্যমুম্॥
× × ×
নরপতি জয়চর্য্যা নামে গ্রন্থ বড়।
পণ্ডিতে বুঝিতে নারে অর্থ শব্দ দড়॥
গুরুর প্রসাদে স্বরের অর্থ কিছু জেনে।
মূর্খ পণ্ডিত বুঝাইব শব্দ ভাষা মানে॥

The MS. contains many magic diagrams marked with mystic letters, by which the prognostication is obtained.

Last colophon :—

ইতি প্রস্তারচক্রম্।

351

Mahādevakavi

2828. স্বরোদয়ভাষা। *Svarodayabhāṣā.*

Substance, country-made yellow paper, 18½ × 3½ inches. Folia, 43. Lines, 6 on a page. Character, Bengali in a modern hand. Appearance, fresh.

Another copy of 2798.

Beginning :—

৺শ্রীরামচন্দ্রায় নমঃ। ওঁ নম শিবায়।

কর্ম্মস্থ পতি দোবার বিষ্ণুচণ্ডার্কদীপকং। ইত্যাদি।

End :—

ইতি প্রস্তাবচক্রং।

352

Unknown

4996. স্বল্পসামুদ্রিক। *Svalpasāmudrika.*

Substance, country-made paper, 16×3½ inches. Folia, 8. Lines, 10 on a page. Extent in ślokas, 400. Character, Bengali of the 19th century. Appearance, fresh. Complete.

It is a Sanskrit treatise on palmistry with a Bengali translation.

Beginning :—

ওঁ পরমাত্মনে নমঃ।

অথ স্বল্প (সল্প) সামুদ্রিকলক্ষণাদি।

যং ব্রহ্ম বেদান্তবিদো বদন্তি পরং প্রধানং পুরুষং তথান্যে।

বিশ্বোগদতেঃ কারণমীশ্বরন্থা তস্মৈ নমো বিঘ্নবিনাশকায়॥

বেদান্ত বেত্তি যেসকল বিঘ্নবিনাশের নিমিত্তে যে পরং ব্রহ্মাত্মাকে নমস্কার করে গ্রন্থের প্রতি মঙ্গলাচরণ করিতেছেন॥

অথেন্দুবংশসঞ্জাতো রাজা শ্রীলঘুপদ্মকঃ।

গঙ্গাদ্বার নিবাসীচ পপ্রচ্ছ জ্যোতিষীংকথাম্॥

চন্দ্রবংশজাত গঙ্গাদ্বার নিবাসী যে লঘুপদ্মক নামেতে রাজা তিনি জ্যোতিঃশাস্ত্রের কথা জিজ্ঞাসা করিতেছেন।

পরাশরঃ পিতা যস্য শুকদেবস্য যঃ পিতা।

সব্যাসো বদরীবাসোঽব্রবীৎ পঞ্চাঙ্গসুন্দরীম্॥

ব্যাসদেব পঞ্চাঙ্গসুন্দরীর কথা কহিতেছেন।

রাজোবাচ।

প্রণমা তং মুনিশ্রেষ্ঠ সর্ব্বভক্তং সর্ব্বদাশিনম্।

জিজ্ঞাসাং কৃতবান্ ভক্ত্যা সৌভাগ্যং পুরুষস্ত্রিয়োঃ॥

রাজা জিজ্ঞাসা করিতেছেন হে মুনিশ্রেষ্ঠ ব্যাসদেব তোমাকে প্রণাম করি সর্ব্বজ্ঞ এবং সর্ব্বদর্শী যে তুমি তোমাকে ভক্তিপূর্ব্বক পুরুষ আর যে স্ত্রীঞ্চেদের সৌভাগ্য জিজ্ঞাসা করিতেছি।

কীদৃশঃ পুরুষঃরম্যো নিন্দ্যোবা কীদৃশোভবেৎ।

কন্যা বা কীদৃশীরম্যা গর্হিতাবা৮ কীদৃশী॥

Colophon :—

ইতি স্বল্প (সল্প ?) সামুদ্রিক সমাপ্তশ্চায়ং।

353

Śrikrṣṇacaraṇa

5377. **কপালচরিত্র।** *Kapālacaritra.*

Substance, country-made paper, 9 × 3½ inches. Folia, 3. Lines, 7 on a page. Extent in ślokas, 33. Character, Bengali. Date, B. S. 1224 (c. 1817 A. D.). Appearance, old and worn-out. Complete.

The work deals with the inscrutable ways of fate.

Beginning :—

শ্রীশ্রীরাধাকৃষ্ণ।

অথ কপালচরিত্র লিখ্যাতে।

যত দেখ চলাচল সকলই কপালের ফল।

কপালে থাকিলে সেই হয়॥

কন্যাপুত্র ধন জন খাট পাট সিংহাসন

কপালে থাকিলে সেই হয়॥

যখন কপাল ফলে শুকনাতে ডিঙ্গা চলে

ঘরে বসে করে নানা ভোগ।

কপাল বিরুদ্ধ হইলে গঙ্গা নাই পায় মইলে

পিছে পিছে ধায় নানা রোগ॥

End :--

কড়ীর মুখ সভে চায়   নিকড়ের মুখ নাহি চায়
ধনিনের সভে করে পূজা ।
শ্রীকৃষ্ণচরণে কয়   কপাল যদ্যপি নয়
তবে কেন পালাল সাম্বুজা ॥

Colophon :—
ইতি কপাল চরিত্রং সমাপ্তম্ ।

Post colophon statement :—
লিখিতং শ্রী বদনচন্দ্র ঘোষ। সাকিম ডিঙ্গাল তঃ কোতুলপুর মোঃ বিষ্ণুপুর পঠনার্থে শ্রী গোপাল পোতদার। সাকিম কৃষ্ণগঞ্জ। সন ১২২৪ সাল তারিখ ৫ই আশ্বিন।

5. VAIṢAJYA AND SARPACIKITSĀ

354

Abhayācaraṇa

4246. গৌতমশাস্ত্র । *Goutamaśāstra.*

Substance, country-made paper 13¼ × 5½ inches. Folia, 145. Lines, 11 on a page. Character, Bengali and Arakanese. Complete.

A Bengali work, on medicine, based on a medical work in Arakanese, attributed to Gautama. It gives also the Arakanese text.

Beginning :—
নোম গণেসাঃঅ নমো স্বরস্বতি। ব্যাসদেব নোম শ্রীগুরু নোমঃ।

অরূণবরূন রুচি   ব্যাঘ্র চর্ম্মাধরে ঘুচি।
লম্বদর স্তনদুধর কায়।
প্রনমোহ অবতার   করি আজ পরিহার
দত্য দল বিনাসকার ॥

বন্দি আজ দিবানিশি আরু জথ দেব ঋসি
তার পাছে গৌতমের পায়।
মোহাতেজ অতিশয় সর্ব্বশাস্ত্র পরাজয়।
বন্দি তার চরণ দোখান।
আর বন্দি বাপ মাও শ্রীগুরুর দুই পাও
তার পাছে যথ গুরুজন।
আর বন্দি মোহেশ্বর বন্দেব জে পুরন্দর
পুনবন্দে দেবি মোহামায়া।
আদিদেব নিরাকার নিরঞ্জন নির্বিকার
অই পাপী তরহ উইরে।

× × ×

× × ×

কহে শ্রীঅভঅচরণ বৈদ্যে সেজে লক্ষ্মীকান্ত সুতে
বেস্তারিল গৌতমের শাস্ত্রে॥

চন্দন আছে বটী যুন সর্ব্বজন
জেইরূপে গৌতমের শাস্ত্রেতে লিখন॥ etc.

355

Unknown

5396. জ্বরচিকিৎসা। *Jvaracikitsā.*

Two leaves containing incantations for fever and snake-bite.

2 A. ইতি শ্রীসুদর্শন সংহিতায়াং শ্রীরামচন্দ্র সীতা মনোহর পঞ্চমুখী হনুম্যত কবচং–সম্পূর্ণং ওঁ তৎসৎ। ওঁ যদক্ষর পরিভ্রষ্ট মাত্রাহিনঞ্চ যজ্ঞাপূর্ণং ইত্যাদি।

পার্ব্বতি তেজিলা জীবন করে আজ্ঞা বাবা বড় বির নসিংহের আজ্ঞা অমুকের অঙ্গের জ্বর শীঘ্র ছাড়ে॥ এ লঙ্কা থাক্যে লঙ্কায় পড়ে।

356

Unknown

4994. [Hymn to Durgā]

It contains :—

(1) a chart of the universe with seven islands and seven seas,

(2) a leaf containing on one side an incantation to cure a snake-bite and on ͽ other an annotation of some hymn to Durgā. The leaf measures 16×3½ inches.

Beginning :—

বিপ্রনাম বর্ষঃ। তস্য সীমা গিরি।

অত্র ঘৃতচ্যুতা নদী। × × ×

কুরুবর্ষঃ ৯০০০ যোজন।

শৃঙ্গবান্ পর্ব্বত। দীর্ঘ ৮০০০। বিস্তীর্ণ ২০০০। উচ্চ ১০০০।

যোজন। etc.

357

Unknown

8025. পাচনবিধি। *Pācanabidhi.*

Substance, country-made paper, 15×4 inches. Folia, 6. Lines, 7 on a page. tent in ślokas, 150. Character, Bengali of the 18th century. Appearance, old l discoloured.

Beginning :—

অথ পাচনবিধি ॥

দ × × পাচন কপ প্রধানজ্বরে।

সালপর্ণী ১ কন্টিকারি ১ নাওশ্যোনা ১ etc., etc.

There is no colophon.

358

Unknown

)39. সর্ব্বরোগভাষানিদান। *Sarbarogabhāṣānidāna.*

Substance, country-made paper, 15¼×3¾ inches. Folia, 45. Lines, 7 on a ;e. Extent in ślokas, 1300. Character, Bengali. Date, S. K. 1739 (c. 1817 A. D.). pearance, old and discoloured. Complete.

Colophon :—

সর্ব্বরোগভাষানিদানং সমাপ্তং।

Post colophon statement :—

শ্রী শ্যামসুন্দর দেবশর্ম্মণঃ পুস্তকমিদং সাক্ষরঞ্চ। শকাব্দাঃ ১৭৩৯। তারিখ ২৫ আশ্বিন।

Beginning :—

অথ রোগনিদানং। আদৌ জ্বর লক্ষণং॥ ভ্রম হয় শরীর বিবর্ণ হয় অ × বিবষ হয় চক্ষুর জল পুরে শীত বাত রৌদ্রেত ইচ্ছা হয় কখন না হয় হাথি হয় অঙ্গ মড়ামোড়ি করে শরীর ভারি লাগে লোমোদ্গম হয় অরুচি শীতাতপে হয় কফজ্বর॥

359

Unknown

4607. গিরিধৃতপুস্তক। *Giridhṛtapustaka.*

Substance, country-made paper, 14½ × 5 inches. Folia, 19. Lines, 10 on a page. Character, Bengali of the early 18th century. Extent in ślokas, 550. Appearance, discoloured. Complete.

Beginning :—

শ্রীশ্রীরাধাকৃষ্ণঃ। নমো সিবায় নমঃ। গিরিধৌতিক চিকিৎসা লিক্ষতে। নিল অনিল শ্লেষ্মা এই তিন গিরি।

ধরিয়াত করমুলে চিত্রে বিচার।
পুরুষ দক্ষিণ বাহু নারি বাম ভাগে।
গৃহধৃত বাহোধর বিচারের আগে॥ ইত্যাদি।

A Bengali work in verse on medicine by Giridhṛta.

Last colophon :—

সেদন রোজ তিন রস নাহি রহে।
চণ্ডিকা সংযোগে গিরিধৃত কহে॥

ইতি গিরিধ্বৃতপুস্তক সমাপ্ত।

There is an index of the work covering 15 leaves.

360

Unknown

4606. চিকিৎসাতত্ত্ব। *Cikitsātattwa.*

Substance, foolscap paper, 14 × 5 inches. Folia, 16. Lines, 10 to 12 on a ge. Character, Bengali. Appearance, soiled. Written in Bengali prose. complete.

A collection of a Bengali physician. It gives direc- ions in Bengali for preparation of medicines. Ex- mple :—

শ্বাস কাস রক্তযুক্তের অউষধ। অর্ক দুগ্ধে যব ভিজাইয়া রাখিবেক দিন তিন তদপর ভাণ্ডের মুখ বন্ধ করিয়া গজপুটে পোড়াইবেক। etc.

361

Rāmacandra

5380. চন্দ্রবংশোদয়। *Candrabaṃśodaya.*

Substance, country-made paper, 11 × 7 inches. Pages, 32 to 47 ; 50 to 65 ; 85 ; 90, 91, 102 to 105, 130, 131, 140, 141, 148, 149 to 157. Lines, 17 on a ge. Character, Bengali of the 19th century. Appearance, damaged. A mere gment.

On two different sorts of paper—one up to the 91st af and the other from the 102nd leaf downwards.

P. 47 ভার্গব ভাবিত বড় কন্যার লাগিয়া।
দ্বিজ রামচন্দ্র কহে কি হবে ভাবিয়া॥
ইতি চন্দ্রবংশোদয়ে প্রথম পরিচ্ছেদ।
অথ শর্ম্মিষ্ঠার সহ দেবজানির বিবাদ।

P. 157 আহা মরি যান কত ভুলাইয়া ছিল যত
আর না হইব রত আর কি তা ভায়হে ॥
সমুখে দাঁড়াও কেনে রঙ্গ নাহি সয় বেনে
রামচন্দ্র কহে হেনে রাজা মোরে চায়হে ॥

362

Bhṛgurāma

3749. A. আর্য্যা । *Āryyā.*

Substance, country-made paper, 8×5½ inches. Folia, 16. Bound in book form, the last 4 of which were originally left blank, but have since been scribbled over. In one of these leaves a date is given :

সন ১২২৬ সাঃ (c. 1819 A. D.).

An arithmetical primer with multiplication tables. The formulæ are given in verses, which go by the name of Āryyā. There are problems also given in verses. The signature in the first Āryyā is that of Subhaṅkara. But all the rest are those of Bhṛgurāma.

Beginning :—

আরজ্যা লিক্ষতে—
কাহণে লইবে পণ চোখে নিবে কুড়ি।
গণ্ডা পণে পাঁচ কড়ি।
কড়াতে লইবে পঞ্চ তিনের লিখন।
ভৃগুরাম দাস কহে আনার ধরণ।

P. 8 রাজদাসী হাটে আসি জিজ্ঞাসে সভারে।
কাহনে আড়াই সের কিনে দেহ মোরে।
সুনহ দরের কথা সভে দিয়া মন।
কাহনের ঘৃত সের গুণ্ড সদি দান।
চন্দ্রবুড়ি আর্যা সের এই নিবেদন।
ঝাটকেন ক্রোধ পাছে করেন বাজন।

End :—

বস ২ বারি সঙ্গি জানিবে ইহাতে।
সুভঙ্কর কহে খড়ি সিশু বুঝাইতে।

363

Unknown

3749 B. গৌতমমুনিরসিদ্ধি। *Goutamamunirasiddhi.*

Substance, country-made paper. Leaves, 2. 9½×6 inches. Character, Bengali of the 19th century. Appearance, fresh.

A book on fortune-telling, most probably of Buddhistic in origin.

Beginning :—

প্রাতঃকালে—
দশদণ্ড মধ্যে—
সিদ্ধি ওঁ নমো গৌতমায় নং।
শ্রীশ্রীগৌতমায় নমঃ।
সত্যভাশা ব্রহ্মভাসা তেত্তিশ কোটি দেবতার রাজা।
জদ্যাপি সত্য না ভাশে ত্রিভুবনের সাঁপ তারে লাগে॥

অথ গৌতমবাক্যসিদ্ধি ৩৩।৪১। শ্রীশ্রীসর্ব্বমুনিভ্যো নমঃ॥
১১১। যেমন করহ সিদ্ধ হইবেক।
১১২। উতলা না হ'য়ে দেখিয়া চল॥

364

Bhṛgurāma

3749 C. আর্য্যা। *Āryyā.*

Substance, country-made paper, 9×6½ inches. Folia, 8. Character, Bengali of the 18th century. Appearance, fresh.

Contains arithmetical formulæ and exercises in verse from Śubhaṅkara and Bhṛgurāma.

The MS. has been published.

365

Gopāla Dāsa

5422. **কামশাস্ত্র** । *Kāmaśāstra.*

Substance, country-made paper, 12½ × 4½ inches. Folia, 2 to 5. Lines, 12 on a page. Character, Bengali of the 19th century. Appearance, old. Incomplete.

4 A. গোপালদাস ইহা সর্ব্বকাল জানে।
ঋতু লক্ষণের কথা জিজ্ঞাসিল মুনিস্থানে ॥

5 A. গোপালদাস কহে কথা শুনিতে শুনিতে।
সর্ব্বলোকে বুঝিবেক হিসাব হইতে ॥

5 B. যোগে মহাযোগী হয় ধর্ম্মে তার মন।
ষোলদিনের কথা এই শুনহ রাজন ॥
কামশাস্ত্রের কথা শুন সর্ব্বজন।
গোপালদাস কহে করি নিবেদন ॥

366

Pitāmbara Dāsa

4955. **রসমঞ্জরী** । *Rasamanjarī.*

Substance, country-made paper, 11 × 4½ inches. Folia, 27. Lines, 9 on a page. Extent in ślokas, 540. Character, Bengali. Date, B. S 1177 (c. 1770 A. D.). Appearance, discoloured. Complete.

Colophon :—

শ্রীরসমঞ্জরী গ্রন্থ সম্পূর্ণ।

Post colophon statement :—

সন ১১৭৭ সাল তাঃ ৫ জ্যৈষ্ঠ (c. 1770 A. D.).

End :—

সারিকাদি অষ্ট শ্রেষ্ঠ রস অষ্ট অষ্ট করি।
চৌষট্টি প্রকারে বর্ন্ননা করি গ্রন্থ রসমুঞ্জরি ॥

গদ্য পদ্য সঙ্গীত ইহার প্রমাণে।
অবোধে না জানে ইহা রসিকে সে জানে॥
শ্রীচৈতন্য নিত্যানন্দ পাদপদ্ম করি আস।
শ্রীরসমুঞ্জরি গ্রন্থ পিতাম্বর দাস॥

ইতি রসমুঞ্জরি গ্রন্থ সম্পূর্ণ। সন ১১৭৭ সাল তাঃ ৫ জ্যৈষ্ঠ।

Often printed.

367

Pītāmbara Dāsa

4919. রসমঞ্জরী। *Rasamanjarī.*

Substance, country-made paper, 14×5 inches. Folia, 27. Lines, 9 on a page. Extent in ślokas, 500. Character, Bengali. Date, B. S. 1165 (c. 1758 A.D.), Śaka Era—1680. Appearance, old and discoloured. Complete.

Beginning :—

শ্রীকৃষ্ণ চৈতন্যচন্দ্রায় নমঃ।
অনর্পিতচরীংচিরাৎ etc., etc.

It treats of 64 kinds of Rasas or amorous feelings in Bengali, interspersed with Sanskrit quotations.

End :—

শ্রীচৈতন্য নিত্যানন্দ পাদপদ্ম করি আশ।
শ্রীরসমঞ্জরী গ্রন্থ কহে পীতাম্বর দাস॥

Colophon :—

ইতি শ্রীরসমঞ্জরী গ্রন্থে চৌষট্টি রস বর্ণনং সম্পূর্ণম্।

Post colophon statement :—

সন ১১৬৫ সাল তারিখ ৩ আষাঢ় (c. 1758 A. D.)
শকাব্দ ১৬৮০।

The object of the work :—

অতঃপর কহি কিছু রস বিবরণ ।
রসিক ভকতগণের যেই প্রাণসম ॥
মুগ্ধা মধ্যা প্রগল্‌ভা গোপী ত্রিবিধ প্রকার ।
প্রাখর্য্য মাধুর্য্য শাম্য গুণ হয় তার ॥
বামা দক্ষিণা ধীরা ত্রিবিধ ভেদ ।
বিপ্রলম্ভ সম্ভোগ তাহাতে উদ্বেগ ॥
খণ্ডিতাদি অষ্ট রস তাহাতে জন্মএ ।
অষ্ট অষ্ট চৌষট্টি তাহাতে ভেদ হএ ॥
রসকল্পবল্লীগ্রন্থে তাহা যে অষ্ট কোরকে ।
তাহা সূক্ষ্ম করিতে পীতা আজ্ঞা দিল মোকে ॥
তাহার কড়চায় যে আছিল বর্ণন ।
গ্রন্থ বিস্তার হেতু না কৈল বর্ণন ॥
সেই অষ্টদলের পঞ্জরী কথক পাইলা ।
রসমঞ্জরীবলি গ্রন্থ জানাইলা ॥
অভিসারিকা হইতে আগে করিব বর্ণন ।
পশ্চাৎক্রমে কহিব রসের বিবরণ ॥

তথাহি ।
জাবত সুখচিত্তাদি মদনেন মদেন চ ।
আত্মনাভিসরেৎ কাণ্ডং সা [ভ] বেদভিসারিকা ॥

P. 25 A. গোপালদাস চরণে ধরি সাধই তোহে কি জানাওব আর ।

End :—

গোপালদাস কহে শুনেক্ষণ বিধিভেল অমঙ্গল । ইত্যাদি ।

HINDI—ASTROLOGY

368

Śrīpati

6413. পরমকারুণিক । *Paramakāruṇika.*

